

কোর্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা। ৮ জুন, ২০২০।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার প্রজেক্ট এর কর্মী
হতে : নির্বাহী পরিচালক
বিষয়: : গর্ভবতী নারী ও মাতৃদুগ্ধদানকারী নারী কর্মী এবং তিন বছর পর্যন্ত সন্তানের জন্য দিবা-যত্ন কেন্দ্র, বিশেষ ব্যবস্থাপনা এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত নির্দেশনা

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার নারীদের গর্ভকালীন যত্ন, মাতৃদুগ্ধদানকারী মা এবং সন্তানের ৩ বছর বয়স পর্যন্ত অফিসে কাজ করার সুবিধার্থে নিম্নোক্ত ব্যবস্থাসমূহ নেয়া হবে :

১. যেসব অফিসে গর্ভবতী নারী কর্মী ও ৩ বছর বয়স পর্যন্ত শিশুর মায়েদের জন্য অফিসসমূহে একটি করে শিশু দিবা যত্ন কক্ষ নির্দিষ্ট করতে হবে।
২. একজন প্রশিক্ষিত নারী সি এস ও নিয়োগ দিতে হবে যার বেতন প্রজেক্ট/অপারেশন থেকে দেওয়া হবে।
৩. শিশু দিবা যত্ন কক্ষে একটি বিছানা, একটি টেবিল, ৩টি চেয়ার এবং একটি ফ্যান থাকতে হবে।
৪. পর্যাপ্ত আলো বাতাস প্রবেশ করতে পারে এমন কক্ষকে নির্দিষ্ট করতে হবে।
৫. গর্ভবতী নারীরা অফিসে কাজ করার সময় অসুস্থ বোধ করলে এবং দুপুরের খাবারের পর ৩০ মিনিট বিশ্রাম নিতে পারবেন।
৬. মাতৃদুগ্ধদানকারী মায়েরা শিশুকে খাওয়ানোর জন্য উক্ত কক্ষ সার্বক্ষণিক প্রস্তুত থাকবে এবং শিশু পরিচর্যাকারী সার্বক্ষণিক উক্ত কক্ষে দায়িত্বে থাকবেন।
৭. জেডার পলিসি অনুযায়ী প্রতিটি সেন্টারে দুই হাজার টাকার খেলনা ক্রয় করে রাখতে হবে।
৮. যখন বা যেদিন প্রয়োজন হবে গর্ভবতী এবং মাতৃদুগ্ধদানকারী মায়েরা সংশ্লিষ্ট প্রথম তত্ত্বাবধায়কের অনুমতি নিয়ে আধাবেলা অফিস করতে পারবেন। এসময় তারা বাসায় অবস্থান করে কাজ করবেন।
৯. যেদিন তারা অফিসে আসতে অপারগ থাকবেন সেদিন সকালে বা আগের দিন সংশ্লিষ্ট আঞ্চলিক জেডার ফোকাল/কেন্দ্রীয় জেডার ফোকালকে অবগত করবেন।
১০. অফিসের কাজে বাইরের অন্য কোনো অফিস অথবা ফিল্ডে যাওয়ার দরকার হলে তারা অফিসের গাড়ির রিক্যুজিশন দিয়ে ব্যবহার করতে পারবেন।
১১. গর্ভবতী নারী এবং মাতৃদুগ্ধদানকারী মায়েরা সাথে কেউ যদি অসংবেদনশীল কথা অথবা আচরণ/বুলি করেন তাহলে সাথে সাথে আঞ্চলিক জেডার ফোকাল এবং কেন্দ্রীয় জেডার ফোকালকে অবগত করবেন।
১২. সংস্থার অফিস প্রধানগণ, সংশ্লিষ্ট সুপারভাইজর, জেডার ফোকালগণ এবং কেন্দ্রীয় জেডার ফোকাল এসংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থাপনা নিশ্চিত করবেন।
১৩. এই সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং আপনি আপনার প্রকল্প অফিসে আগামী দুই সপ্তাহে আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নেবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে আগামী দুই মাস বুলিয়ে রাখবেন।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



এম রেজাউল করিম চৌধুরী

অনুলিপি
উপ-নির্বাহী পরিচালক
সকল পরিচালক
অফিস কপি

